

💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কতিপয় ক্বিরাআতের বিদআত

অতিরিক্ত সতর্কতার জন্য নিম্নে কতিপয় ক্বিরাআতের বিদআত উল্লেখ করা গেলঃ

- (১) কানে আঙ্গুল দিয়ে উচ্চশব্দে গলার রগ ফুলিয়ে কিরাআত করা। অবশ্য কানে আঙ্গুল দিয়ে মিষ্টি সুরে কিরাআত পড়াও বিদআত।
- (২) খুব তাড়াতাড়ি হরফ ও হরকত চুরি করে ক্বিরাআত করা। এ ধরনের ক্বিরাআত সাধারণতঃ খতম বা শবীনা পাঠে হয়ে থাকে। উল্লেখ্য যে, মৃত ব্যক্তির নামে কুরআন খতম এবং শবীনা পাঠও বিদআত।
- (৩) একই জামাআতে ভাগাভাগি করে পারা নিয়ে কুরআন খতম করা।
- (৪) বিরল (শায) কিরাআত দ্বারা কুরআন তিলাওয়াত করা।
- (৫) নামাযে বা মহফিলে একাধিক ক্নিরাআত দিয়ে কুরআন পড়া।
- (৬) নির্দিষ্ট কোন সূরা পড়ে মুনাজাত করা। যেমন প্রত্যহ ফজর নামাযের পর সূরা ইয়াসীন পড়ে মুনাজাত করা।
- (৭) মুর্দা বা জানাযার সামনে কুরআন পড়া।
- (৮) কবরের পাশে কুরআন পড়া।
- (৯) কুরআন পাঠ করে ভিক্ষা করা।
- (১০) সূরা যবুহা থেকে সূরা নাস পর্যন্ত প্রত্যেক সূরার শেষে তকবীর পাঠ করা।
- (১১) ইচ্ছাকৃতভাবে কষ্টার্জিত শব্দে কোন কারীর সুরের অনুকরণ করে কুরআন পড়া।
- (১২) কুরআন পড়ার সময় দোলা বা দুলে দুলে কুরআন পড়া। এটি আসলে ইয়াহুদীদের অভ্যাস।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7929

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন